

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস হাউস, মোংলা।  
[নিলাম শাখা]  
ওয়েব পোর্টাল-mch.portal.gov.bd

বিক্রয় আদেশ

নথি নং- এস/৩৫/নিলাম/ব্রডসিট/মোংলা/২৪-২৫/

তারিখ:

জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৪১/কাস্টমস/২০২২, তারিখ: ০৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ অনুযায়ী নিলাম কমিটির সুপারিশ কমিশনার মহোদয় কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে এ আদেশে বর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে নিলাম সেল নং-০৭/২০২৪, তারিখ: ২৮/১১/২০২৪ খ্রিঃ এর নিম্নলিখিত লটভুক্ত পণ্যচালানের বিপরীতে বিক্রয়াদেশ জারী করা হলো :

ক্রমিক নং	লট নং	B/E No/ Rot. No/ BL No.	মালামালের বর্ণনা	সর্বোচ্চ বিড/দরপত্রমূল্য (টাকা)	সর্বোচ্চ দরদাতার নাম ও ঠিকানা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
1.	95	182172929 563/2024	TOYOTA LAND CRUISER PRADO CH: TRJ150-0161142 Y-2023, CC-2693 Model: 3BA-TRJ150W- GKTEK-L	১,২৩,৫৫,০০০/- (এক কোটি তেইশ লক্ষ পঞ্চাশ হাজার)	ডিএমসি লজিস্টিক (BIN: 000562113-0503) ৫১, রোড ভ্যালী আ/এ, ফয়েজ লেক, পাহাড়তলী-৪২০২, খুলশী, চট্টগ্রাম।	

শর্তসমূহঃ

- ক) পণ্য যেখানে যে অবস্থায় আছে সে হিসেবে খালাসযোগ্য হবে।  
খ) প্রযোজ্য ক্ষেত্রে রীট মামলা নিষ্পত্তি ও অন্যান্য বিধিবিধান/শর্তাদি পরিপালন সাপেক্ষে খালাসযোগ্য।  
গ) প্রযোজ্য ক্ষেত্রে আমদানি নীতি আদেশ পরিপালন করতে হবে। (বিশেষত: খাদ্য সামগ্রী, কসমেটিকস, গুড়া দুধ, গাড়ি, প্রাইম মোভার, ডাম্প ট্রাক, ডাম্পার, মিক্সার লরি, সেলফ লোডার এবং হাইড্রোলিক ক্রেন শর্ত সাপেক্ষে খালাসযোগ্য)।
- এতদ্বিধয়ে বিজ্ঞ আদালতের কোনো নির্দেশনা থাকলে আইন শাখার মাধ্যমে প্রয়োজনীয় যাচাই-বাচাই পূর্বক তদনুযায়ী কার্যক্রম গ্রহণীয়। পণ্য খালাস আদেশ প্রদানের পূর্বে আইন শাখা থেকে বিজ্ঞ আদালতের কোন নিষেধাজ্ঞা আছে কিনা তা যাচাই করে নিতে হবে।
- উল্লেখ্য, অনুমোদিত লটসমূহের নিলামে বিক্রয় মূল্যের সমপরিমাণ অর্থ কমিশনার, কাস্টমস হাউস, মোংলার হিসাব সাসপেন্স একাউন্ট নং- সি-৫৭ তে এবং উক্ত মূল্যের উপর ১০% অগ্রিম আয়কর ও ১৫% উৎসে মুসক এর টাকা স্বয়ংক্রিয় ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে এ আদেশ জারীর দিন থেকে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে জমাদানপূর্বক মালামাল খালাস গ্রহণের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে শর্তপূরণ সাপেক্ষে) অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত মালামাল খালাস গ্রহণে ব্যর্থ হলে নিলামক্রমের অনুকূলে বিক্রয় অনুমোদন বাতিলসহ দাখিলকৃত জামানতের পে-অর্ডার রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- নিলামে অনুমোদিত যে কোন লট বা সকল লটের অনুমোদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- বিডার/দরদাতাকে স্বয়ং উপস্থিত হয়ে তার অনুকূলে বিক্রিত পণ্যচালান খালাস নেয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ  
(মোঃ রুবেল হাসান)  
সহকারী কমিশনার  
কমিশনারের পক্ষে  
তারিখ:

11 AUG 2025

নথি নং- এস/৩৫/নিলাম/ব্রডসিট/মোংলা/২৪-২৫/ ৪৫০৭ (১)  
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- অতিরিক্ত কমিশনার, কাস্টমস হাউস, মোংলা।
  - সহকারী কমিশনার (জেটি পরীক্ষণ), কাস্টমস হাউস, মোংলা।
  - সহকারী ট্রাফিক ম্যানেজার (প্রঃপঃ/কন্টেইনার), মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
  - সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, মোংলা (বিক্রয়াদেশের কপি এ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।
  - রাজস্ব কর্মকর্তা, মোংলা বন্দর জেটি গেট, মোংলা, বাগেরহাট।
  - নিলামক্রমতঃ -----
  - নিলামকারী: মেসার্স কে এম কর্পোরেশন, কাস্টমস ভবন (২য় তলা), ইপিজেড গেট, মোংলা, বাগেরহাট।
  - নোটিশ বোর্ড, কাস্টমস হাউস, মোংলা [বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে স্থাপনের জন্য ডেসপাস শাখাকে বলা হলো]।
- সদয় অবগতির জন্য :
- দ্বিতীয় সচিব, (শুল্ক: নিলাম ও বকেয়া), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, পুট#এফ ১/এ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
  - পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, মোংলা (কমিশনার কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - অফিস কপি।

Rubel  
11.08.25  
(মোঃ রুবেল হাসান)  
সহকারী কমিশনার  
৬